



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোভারগের সম্বয়ে অবহিতকরণ ১ম
(প্রথম) সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ	জনাব মোঃ তবিবুর রহমান পরিচালক (অর্থ ও প্রশাসন) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
সভার তারিখঃ	২৬-০৯-২০২৩ খ্রিঃ।
সময়ঃ	সকাল ১১:৩০ ঘটিকা।
সভার স্থান/মাধ্যম	অনলাইন ভিডিও কনফারেন্স [জুম প্ল্যাটফর্ম] অনুষ্ঠিত।
সভার উপস্থিতিঃ	পরিশিষ্ট -“ক”

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য অনুমতি প্রদান করে একই সাথে অনলাইনে উপস্থিত সকলকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। উপস্থিত সকলে পরিচয় প্রদান করেন।

০৩। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সিটিজেন চার্টারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বিনিয়োগকারী/বিনিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে জমি/স্পেস বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন (অনলাইনে/সরাসরি হার্ড কপির মাধ্যমে) করতে পারবে। উক্ত সেবা দুইটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাক্রমে সহকারী পরিচালক (বিনিয়োগ) ও সহকারী পরিচালক (সংগ্রহ)। এছাড়াও বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীণ ইউটিলিটি সেবা প্রদান, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ সেবা প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে (ওএসএস পোর্টালের মাধ্যমে)/সরাসরি হার্ডকপির মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উক্ত সেবাটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)।

০৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরোও জানান বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, উৎপাদন পর্যায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকারীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ভিসা এ্যাসিস্টেন্স ইত্যাদি সেবা সমূহ প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে (ওএসএস পোর্টালের মাধ্যমে) আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উক্ত সেবাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তা রিসার্চ অফিসার। এছাড়াও চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি সংক্রান্ত বিষয়, অর্জিত ছুটি মঙ্গুর, শ্রান্তি বিনোদন ছুটি মঙ্গুর, বহিঃ বাংলাদেশ ছুটি মঙ্গুর ইত্যাদি অভ্যন্তরীন সেবাসমূহ প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে হবে। উক্ত সেবাটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (প্রশাসন)।


০৫। সভাপতি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ওএসএস পোর্টালের মাধ্যমে সেবা প্রদান করা হয় সেহেতু বিনিয়োগ আগ্রহী এবং বর্তমানে অবস্থানরত বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহকে ওএসএস পোর্টালের মাধ্যমে আবেদন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৬। সভার সিদ্ধান্ত:

সভায় উত্থাপিত বিষয়সমূহ পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহ/বিনিয়োগ আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে হার্ড কপিতে আবেদন করিয়ে ওএসএস ওএসএস পোর্টালের মাধ্যমে আবেদন করতে হবে।	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও বিনিয়োগকারী প্রতিষ্ঠান

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ তাবিবুর রহমান)
পরিচালক (অর্থ ও প্রশাসন)
ফোন: ৫৫০০৭৩৭৮

স্মারক নং ৫৬.০২.০০০০.০১৪.১৮.০০৮.২৩- ০৫৬

তারিখ: ২৭ /০৯/২০২৩ ইং

বিতরণ:

- ১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (বিনিয়োগকারীদের অবস্থার অনুরোধসহ)।

অনুলিপি:

- ১। উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। রিসার্চ অফিসার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।